**ভারত-চিন সীমান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয়ের  কার্যকরী ব্যবস্থাপনার চতুর্থ বৈঠক**

২৯-৩০ সেপ্টেম্বর ২০১৩ বেজিং-এ ভারত-চিন সীমান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয়ের কার্যকরী ব্যবস্থাপনার চতুর্থ বৈঠক অনুষ্ঠিত হয় ।ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন যুগ্ম সচিব(পূর্ব এশিয়া) গৌতম বাম্বাওয়ালে এবং এই প্রতিনিধিলটি পররাষ্ট্রমন্ত্রক,প্রতিরক্ষা,স্বরাষ্ট্রমন্ত্রকের  প্রতিনিধি সহ ভারতীয় সেনা ও ইন্দো-তিব্বত পুলিশ বাহিনীর সদস্যদের নিয়ে গঠিত হয় ।চিনা প্রতিনিধিদলটির নেতৃত্বে ছিলেন বিদেশমন্ত্রকের সামুদ্রিক ও সীমান্ত বিভাগের ডাইরেকটার জেনারেল মিঃ কুয়াং ইউজিং এবং বিদেশমন্ত্রক এবং গণপ্রজাতন্ত্রী চিনের জাতীয় প্রতিরক্ষা বিভাগের সদস্যদের নিয়ে প্রতিনিধিদলটি গঠিত হয়.। ভারতীয় দলটি পরে চিনের বিদেশমন্ত্রকের সহকারী মন্ত্রী মিঃ লিউ ঝিনমিনের সংগে সাক্ষাৎ করেন।

২. ইতিবাচক অগ্রগতি,গঠনমূলক ও খোলামেলা পরিবেশে উভয় পক্ষের মধ্যে আলোচনা হয় ।ভারত-চিন সীমান্তের,বিশেষ করে পশ্চিম সেকটারের সাম্প্রতিক ঘটনাবলীর পর্যালোচনা করে উভয় দেশের প্রতিনিধিদলটি একমত হন যে, চিন-ভারত সম্পর্কের করমাগত অগ্রগতির জন্য সীমান্তে শান্তি ও স্থিতাবস্থা রাখাই প্রধান ভিত্তি হেওয়া উচিত। এই লক্ষ্যের জন্য উভয়পক্ষ বর্তমান ব্যবস্থাপনা এবং বোঝাপড়ার ভিত্তিতে গড়ে ওঠা ব্যবস্থাপনার মাধ্যমে সীমান্তে স্থিতাবস্থা রক্ষার জন্য পরবর্তী পদক্ষেপ নিয়ে আলোচনা করেন।

৩.কার্যকরী ব্যবস্থাপনার পঞ্চম বৈঠকের তারিখ  উভয়পক্ষের মধ্যে সমঝোতা করেই স্থির করা হবে।

**নয়াদিল্লি**

**৩০ সেপ্টেম্বর ২০১৩**